



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫  
পিএবিএক্স : ৯৫৬০০৩১-৩৫/২৫০

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০/১৯৪

তারিখঃ ০৬/০৮/২০১৯

মহাব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ।

তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ০৯ ও ১০ আগস্ট, ২০১৯ তারিখ (শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন) খোলা রাখা প্রসংগে।

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ২০ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ/০৪ আগস্ট, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৩ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রের মাধ্যমে আসন্ন ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতা পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানী বাণিজ্য সচল রাখার স্বার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ০৯ ও ১০ আগস্ট, ২০১৯ তারিখ যথাক্রমে শুক্রবার ও শনিবার পূর্ণ দিবস খোলা রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন ও অনুসরণের জন্য অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বর্ণিত বিভাগাধীন কোন্ কোন্ শাখা আগামী ০৯ ও ১০ আগস্ট, ২০১৯ তারিখ যথাক্রমে শুক্রবার ও শনিবার খোলা রাখা হবে তার একটি তালিকা বিকেবি, প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণ করতঃ অত্র বিভাগকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-


সংযুক্তিঃ ১(এক) পাতা।

আপনার বিশ্বস্ত,  
  
০৬/০৮/২০১৯  
(মোহাম্মদ মনিরুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক  
তারিখঃ ০৬/০৮/২০১৯

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০/১৯৪

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা/গাজীপুর/নারায়ণগঞ্জ/ময়মনসিংহ(দক্ষিণ)/চট্টগ্রাম(পূর্ব/পশ্চিম)। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক তাঁদের অঞ্চলাধীন কোন্ কোন্ শাখা আগামী ০৯ ও ১০ আগস্ট, ২০১৯ তারিখ রোজ শুক্র ও শনিবার খোলা রাখা হবে তার তালিকা স্ব স্ব বিভাগীয় কার্যালয়ে জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। নথি/মহানথি।

  
০৬/০৮/১৯  
(মুহাম্মদ তাইবুর রহমান)  
সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৩

তারিখঃ ২০ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ  
০৪ আগস্ট, ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ০৯ ও ১০ আগস্ট, ২০১৯ তারিখ (শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন) খোলা রাখা প্রসঙ্গে

আসন্ন ঈদ-উল-আযহার পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে এবং রপ্তানী বাণিজ্য সচল রাখার স্বার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ০৯ ও ১০ আগস্ট, ২০১৯ তারিখ যথাক্রমে শুক্রবার ও শনিবার পূর্ণ দিবস খোলা রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৮১